দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 DEC 2002
পৃষ্ঠা -

# আজ শুরু হচ্ছে শিক্ষাসপ্তাহ

বাসস ॥ আত্ম-নির্ভরশীলতা অর্জনের জন্য শিক্ষা এই মূল প্রতিপাদ্যে উদ্বুদ্ধ হয়ে আজ শনিবার থেকে দেশব্যাপী জাতীয় শিক্ষা সপ্তাহ-২০০৩ পালিত হবে।

শিক্ষা মন্ত্রণালয় এবং বিভিন্ন আর্থ-সামাজিক সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠান ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে।

রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ এক বাণীতে বলেছেন, বিশ্বায়ন প্রক্রিয়ায় শিক্ষা ব্যাপক গুরুত্ব বহন করে। প্রতিযোগিতাপূর্ণ বিশ্বে টিকে থাকতে হলে অধিত বিদ্যা এবং প্রায়োগিক দক্ষতার কোন বিকল্প নেই। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বাণীতে 'শিক্ষা সপ্তাহ'র সাফল্য কামনা করে বলেন, শিক্ষা মানুষের সুপ্ত প্রতিভা বিকাশ ও সৃষ্টিশীলতা বৃদ্ধি ছাড়াও বিচক্ষণতা, জ্ঞান এবং বিজ্ঞানের দরোজা খুলে দেয়। শিক্ষা সপ্তাহ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় জেলা ও উপজেলা পর্যায়ে ২৮ ও ২৯ শে ডিসেম্বর শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করবে।

জেলা পর্যায়ে বিজয়ীদের মধ্যে ৩০ শে ডিসেম্বর বিয়াম মিলনায়তনে এবং ৩১ শে ডিসেম্বর একই স্থানে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।